দৈনিক বাংলা

তারিখ 29 DEC 1987
পৃষ্ঠা ... কলাম ৩

16

# মেডিক্যাল কলেজে ভর্তির নতুন নিয়ম

পত্রিকান্তরে জানতে পারলাম, চলতি বৎসরে মেডিক্যাল কলেজ সমূহে ভর্তির ন্যূনতম যোগ্যতা হবে এসএসসি ও এইচএসসি, উভয় পরীক্ষায় প্রথম বিভাগ প্রাপ্তি।

বর্তমানে দেশে উচ্চ শিক্ষার সুযোগ এমনিতেই সীমিত। এ অবস্থায় এ ধরনের সিদ্ধান্ত নেওয়া কতটুকু সঙ্গত তা ভেবে দেখা উচিত। এমন অনেক ছাত্রছাত্রী আছে যারা দুটো পরীক্ষায় প্রথম বিভাগ পায়নি। অথচ তারা ১২০০ কিংবা তারও বেশী নম্বরের অধিকারী। অন্যদিকে এমন অনেক ছাত্রছাত্রী হয়তো আছে যারা উভয় পরীক্ষায় প্রথম বিভাগ লাভ করেছে। কিন্তু তাদের প্রাপ্ত নম্বর প্রয়োজনের চেয়ে বেশি নয়। অন্য কথায় এক পরীক্ষায় প্রথম বিভাগ পাওয়া ছাত্রছাত্রীরা দুই পরীক্ষায় প্রথম বিভাগ পাওয়া ছাত্রছাত্রীদের তুলনায় মেধার দিক দিয়ে হয়তো ভালো হতে পারে। কিন্তু তা সত্ত্বেও নতুন নিয়মে মেডিক্যালে ভর্তি পরীক্ষায়ও তারা অংশ গ্রহণ করতে পারবে না। এটা অনুচিত এবং বাঞ্ছনীয় নয়। এই প্রেক্ষিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে অনুরোধ জানাচ্ছি, ভর্তির ন্যূনতম যোগ্যতা পূর্বের ন্যায় ১২০০ নম্বর রেখে মেডিক্যালে ভর্তির সুষ্ঠু ও সুবিচারমূলক নিয়ম প্রবর্তন করা হোক।

—ডাঃ হোসাইন আহম্মদ,
কাশেম বরিশাল।